Reg. No. C. 853

ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—শ্রীনিহাররঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী
জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲, হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৶০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।
জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা।
স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করি[illegible] হয়। শ্রীবিনয় কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

২৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৬ই মাঘ বুধবার ১৩৪৯ ইংরাজী 20th Jan. 1943 { ৩৩শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।
মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন-বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের দুরূহ ভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

আর্থিক পরিচয়

| | | | |
|---|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... | ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ... | ... | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ... | ... | ৪ " ২৩ " " " |
| মোট সম্পত্তি | ... | ... | ৪ " ৬৩ " " " |
| দাবী শোধ (১৯০৭-৪১) | ... | ... | ২ " ৫০ " " " |
| প্রিমিয়াম আয় | ... | ... | প্রায় ১ কোটি টাকা |

হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স
সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ,
নাগপুর, পাটনা ও ঢাকা।
এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

## নোটীশ

এতদ্দ্বারা শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুরের ও আমার নিজ মোতালকের প্রজাবৃন্দকে সতর্ক করিয়া দেওয়া যাইতেছে যে প্রজাগণ ডিক্রীর টাকা, খাজানার টাকা বা ঋণসালিশী বোর্ডের এ্যাওয়ার্ডের টাকা বা আমার নিজস্ব ও ৺দেব বিগ্রহের সেবাইতি স্বরূপে প্রাপ্য কোন প্রকারের টাকা আমাদের কর্ম্মচারী জরুর নিবাসী ৺কুলদাচরণ রায় মহাশয়ের পুত্র শ্রীযুক্ত ভুজঙ্গভূষণ রায়কে আদায় দিবে না। তাহাকে কোন টাকা আদায় দিলে মজুরা পাইবে না বা তাহার দত্তা কোন রসিদাদি গ্রাহ্য হইবে না। আমার নিজস্ব ও সেবাইতি স্বরূপে উক্ত ভুজঙ্গভূষণ রায় মহাশয়ের কোন প্রকারের টাকা আদায়ের কোন অধিকার নাই। ইতি সন ১৩৪৯ সাল, তাং ২৫শে পৌষ।

শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুর
সেবাইত ও স্বয়ং
শ্রীরাধাবল্লভ নাথ
২৫।৯।৪৯

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৬ই মাঘ বুধবার, সন ১৩৪৯ সাল।

## কাগজের অভাব মোচন প্রচেষ্টা

জঙ্গিপুরের সুযোগ্য মহকুমা ম্যাজিষ্ট্রেট মহোদয় জেলা ম্যাজিষ্ট্রেট বাহাদুরের সংগৃহীত কাগজ হইতে রঘুনাথগঞ্জের ২১১টী ব্যবসাদারকে সামান্য সামান্য কাগজ দিবার ব্যবস্থা করিয়া দিয়া, এই কাগজহীন সহরে কতকটা সুবিধা করিয়া দিয়াছেন। এই সামান্য কাগজ মরুভূমিতে বিন্দুপাতের মত হইলেও "মাণিকের খানিক ভাল" বলিতে দোষ কি?

## গো-প্রদর্শনী

আগামী ২৫শে জানুয়ারী (১১ই মাঘ), সোমবার বেলা ১২ ঘটিকার সময় ধুলিয়ান রেল-ষ্টেশনের সন্নিকটে কাঞ্চনতলার জমিদার বাবুদের আমবাগানে একটী গো-প্রদর্শনী হইবে। ভাল গাই গরু, বলদ, ষাঁড় প্রভৃতির প্রদর্শকগণকে প্রতিযোগিতা অনুসারে নগদ পুরস্কার দেওয়া হইবে। সরকারী ষাঁড়ের ভাল এঁড়ে ও বকনা বাছুর যাঁহারা আনিবেন তাঁহাদিগকে বিশেষ পুরস্কার দেওয়া হইবে। মাননীয় সুযোগ্য জেলার ম্যাজিষ্ট্রেট বাহাদুর উক্ত প্রদর্শনীতে সভাপতির আসন গ্রহণ করিয়া পুরস্কার বিতরণ কার্য্য সুসম্পন্ন করিবেন।

## মহরম

জঙ্গিপুর মহকুমার মুসলমান সম্প্রদায়ের মহরম পর্ব্ব নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

## কলেরা

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত কানুপুর গ্রামে কলেরা রোগে কয়েক ব্যক্তি মারা গিয়াছে। রঘুনাথগঞ্জ থানার স্যানিটারী ইন্সপেক্টর বাবু সদলবলে উক্ত গ্রামে গমন করিয়া যথারীতি ইন্‌জেকশন দিয়াছেন। এ সময়ে গ্রামবাসিগণের খাদ্য ও পানীয়জলের বিশুদ্ধতার প্রতি বিশেষ লক্ষ্য রাখা উচিত এবং স্বাস্থ্য বিভাগের কর্ম্মচারিগণের উপদেশ মত কার্য্য করা একান্ত কর্ত্তব্য।

## দুই টাকার নোট

রিজার্ভ ব্যাঙ্কের এক বিজ্ঞপ্তিতে প্রকাশ, রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই ইহার বিভিন্ন অফিস হইতে দুই টাকার নোট বাহির করিবে। এই নূতন নোটের দৈর্ঘ্য ৪½ ইঞ্চি এবং প্রস্থ ২½ ইঞ্চি।

## পাক্ষিক পত্র

১৫-১২-৪২—পশ্চিম মরুভূমিতে ব্রিটিশ অষ্টম বাহিনী প্রায় ৪০০ মাইল এগিয়েছে, কিন্তু ট্রিপলির শেষ ঘাঁটি থেকে জার্ম্মানদের তাড়িয়ে দিতে আরও ৪০০ মাইল যাওয়া দরকার। ফরাসী উত্তর আফ্রিকা মিত্রপক্ষের দখলে এসেছে, কিন্তু টিউনিস ও বিজের্টায় শত্রুরা এখনও প্রবল। কাইরোর সরকারী খবর এবং বার্লিনেও স্বীকৃত যে জার্ম্মানরা তাদের এল অ্যাগেইলার অবস্থানগুলো থেকে পিছিয়ে যাচ্ছে। বেনগাজি বন্দর ৮ম বাহিনীকে নানা রকম বল যোগান দেওয়ার কাজে বিশেষ সাহায্য করেছে।

১৬-১২-৪২—নিউগিনির বুনা মিত্রপক্ষের দখলে এসেছে, জাপানীরা শেষ মুহূর্ত্তে তাদের সৈন্যদের কাছে নতুন বল পাঠাতে চেষ্টা করেছিল কিন্তু পারে নি। মিত্রপক্ষের বিমান তাদের আশা চূর্ণ করেছে। বিমান আক্রমণ এমন প্রচণ্ড হয়েছিল যে জাপানীদের তীরে পৌঁছে দেওয়া মাল-বোঝাই বড় নৌকাগুলো সবই ডুবে যায় কিংবা অকেজো হয়ে পড়ে, তাদের মালেও আগুন ধ'রে যায়। শত্রু সৈন্যদের মধ্যেও হতাহতের সংখ্যা হয় খুব বেশি। বুনা দখল হওয়াতে জাপানীদের এখন মাত্র আর দুটো ঘাঁটি অবশিষ্ট রইল। উত্তর আফ্রিকায় জার্ম্মানরা এল অ্যাগেইলা থেকে ৪০—৯০ মাইল পর্যন্ত সরে গেছে। তাদের পশ্চাৎরক্ষী সৈন্যরা খুবই দুর্ব্বল, বাধাও তারা বিশেষ কিছুই দিতে পারছে না। পলায়মান জার্ম্মান সৈন্যরা তাদের বিমান থেকে কোনো সাহায্যই পাচ্ছে না। অল্প কিছু কিছু বাধা সৃষ্টি করতে গিয়ে মাত্র দুটো যুদ্ধেই জার্ম্মানদের ৬ খানা বিমান গুলি করে নামানো হয়েছে এবং দুখানা জখম করা হয়েছে। রুশরা কোটেলনিকোভার দিকে এগিয়ে আসছে। গত কয়েক মাসে রুশরা কি রকম সংকটজনক অবস্থায় পড়েছিল, কিন্তু সে অবস্থা তারা কাটিয়ে উঠেছে, এবারে তারাই আক্রমণ চালাচ্ছে।

১৭-১২-৪২—রাশিয়ায় জার্ম্মানদের অবস্থা বড়ই শোচনীয় হ'য়ে পড়েছে, কারণ রুশরা স্টালিনগ্রাড এলাকায় তাদের ২০ ডিভিশন সৈন্যকে ঘিরে ফেলেছে এবং জার্ম্মানরা তাদের এই অবরুদ্ধ সৈন্যদের কাছে কোনো সাহায্যই পাঠাতে পারছে না। উত্তর আফ্রিকাতে রমেলের সৈন্যরা বিপন্ন অবস্থায় পালিয়ে যাচ্ছে। চট্টগ্রাম এলাকায় জাপবিমান হানা দেবার সময় তাদের ৩ খানা বিমান গুলি ক'রে নামানো হয়েছে। শহরের উপর কোনো বোমা পড়ে নি, যেখানে বোমা পড়েছে সেখানে ক্ষতির পরিমাণ অতি সামান্য।

১৮-১২-৪২—উত্তর আফ্রিকায় পলায়মান জার্ম্মান সৈন্যরা ব্রিটিশ অষ্টম বাহিনীর আক্রমণে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। মিত্র বিমান টিউনিস এবং লা গুলেট-এর ডকগুলোর উপর আক্রমণ চালিয়েছিল। ৮ ঘণ্টা ধ'রে আক্রমণ চলেছিল—সব রকম সামরিক লক্ষ্যবস্তুর উপর বোমা পড়েছিল। একখানা মার্কিন খবরের কাগজ থেকে জানা যাচ্ছে ইটালি মিত্র-পক্ষের বিমান আক্রমণের ভয়ে সন্ত্রস্ত হ'য়ে উঠেছে। রোম থেকে সব রকম সামরিক সাজ সরঞ্জাম রোম সহরের বাইরে নিয়ে যাওয়া হচ্ছে, কারণ রোমকে অরক্ষিত শহর বলে ঘোষণা করা হবে। রাশিয়ায় জার্ম্মানরা প্রবল বাধা দেওয়া সত্ত্বেও তাদের চেষ্টা ব্যর্থ হচ্ছে, তারা এখনও পিছু হটে যাচ্ছে।

১৯-১২-৪২—লীবিয়াতে ব্রিটিশ অষ্টম বাহিনী এখনও জার্ম্মান পশ্চাৎরক্ষী সৈন্যদের পিছু ধাওয়া করে চলেছে, ডন-ভলগা এলাকায় অবরুদ্ধ জার্ম্মান সৈন্যদের কাছে এগিয়ে আসার উদ্দেশে জার্ম্মানরা রুশদের অবরোধ-চক্র ভেঙে দেবার চেষ্টা করেছিল কিন্তু পারে নি—রুশরা তাদের

যায় কিংবা
ধ'রে যায়।
খুব বেশি।
র ছুটো ঘাঁটি
এল অ্যাগে-
হ। তাদের
বিশেষ কিছুই
ন্যরা তাদের
। অল্প কিছু
জার্মানদের
এবং ছুখানা
ভার দিকে
। কি রকম
অবস্থা তারা
চ্ছে।

বড়ই শোচ-
ভ এলাকায়
বং জার্মানরা
না সাহায্যই
লের সৈন্যরা
াকায় জাপ-
বিমান গুলি
ানো বোমা
তির পরিমাণ

ান জার্মান
বিচ্ছিন্ন হয়ে
লট-এর ডক-
ঘণ্টা ধ'রে
্যবস্তুর উপর
কাগজ থেকে
ক্রমণের ভয়ে
কম সামরিক
াওয়া হচ্ছে,
করা হবে।
তাদের চেষ্টা

হিনী এখনও
করে চলেছে,
কাছে এগিয়ে
ধ-চক্র ভেঙে
শরা তাদের

আশা চূর্ণ করে দিয়েছে। আক্রমণের স্বাধীনতা এখন রুশদেরই হাতে।

২০।২১-১২-৪২—২০শে রাত্রি শত্রুবিমান কলিকাতা এলাকায় হানা দিয়েছিল। বিমান আক্রমণের সাইরেন রাত্রি ১০টা ১৭ মিনিটের সময় বাজে এবং প্রায় ২ ঘণ্টা স্থায়ী হয়। শত্রু বিমান থেকে এলোমেলো ভাবে কয়েকটা বোমা ফেলা হয়। বেসামরিক সামান্য কয়েকজন হতাহত হয়, সম্পত্তিও খুব কম নষ্ট হয়েছে। সামরিক কোন ক্ষতিই হয় নি। নিউ গিনীতে মিত্রপক্ষের আরও সাফল্য-লাভ হয়েছে, গত সপ্তাহে ভূমধ্য সাগরে ব্রিটিশ ডুবোজাহাজ ১৭ খানা শত্রুর যোগানী জাহাজে টর্পীডো মেরেছে।

২২-১২-৪২—গত রাত্রে শত্রুবিমান কলিকাতা এলাকায় খুব অল্পক্ষণস্থায়ী আক্রমণ চালিয়েছিল। সামান্য কয়েকজন লোক হতাহত হয়েছে সম্পত্তি ক্ষতিও বিশেষ কিছু হয় নি। রাশিয়াতে ভোরোনেঝ এলাকায় রাশিয়ানদের আক্রমণ চলছে অতি প্রচণ্ড, জার্ম্মানরা বিষম ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্ম্মায় মংড নামক বড় জায়গাটি প্রথম মিত্রপক্ষের হাতে এল। একটি গুলি না চালিয়েও ভারতীয় এবং ইংরেজ সৈন্যেরা রাত্রে জায়গাটা দখল করেছে। মাগোয়ের রাজধানী জাপানী এয়ারোড্রোমের উপর আর এ-এফ বিমান রবিবার সকালে আক্রমণ চালিয়েছিল।

২৩-১২-৪২—মঙ্গল-বুধবার রাত্রে ( ২২।২৩ ডিসেম্বর ) অল্প কয়েকখানা শত্রুবিমান কলকাতা এলাকায় আরও একবার অল্পক্ষণ-স্থায়ী আক্রমণ চালিয়েছিল। তারা অল্প কয়েকটি মাত্র বোমা ফেলেছিল, হতাহতের সংখ্যা এবং সম্পত্তি ক্ষতির পরিমাণ অতি সামান্য। সোমবার রাত্রে দশ লক্ষ অধিবাসীপূর্ণ জার্ম্মানির মিউনিক শহরের উপর আর-এ-এফ বিমান হানা দিয়েছিল। বহু ওজনের বোমা ফেলে শহরের খুব ক্ষতি করা হয়েছে। নিউ গিনির কাছে ছুখানা জাপানী চালানি জাহাজ ডুবিয়ে দেওয়া হয়েছে। আর-এ-এফ বিমান আকিয়াব অঞ্চলে জোর আক্রমণ চালিয়ে এয়ারোড্রোমের ও অন্যান্য সামরিক লক্ষ্য বস্তুর ক্ষতি করেছে।

২৪-১২-৪২—উত্তর আফ্রিকায় মিত্রসৈন্যেরা এখন বুয়েরাটের দিকে এগিয়ে চলেছে—পলায়মান জার্ম্মান সৈন্যেরা এই দিকেই ছুটে চলেছে। বাংলার গভর্ণর কলকাতায় এ-আর-পী কর্ম্মীদের বিপদের মুখেও কৃতিত্বপূর্ণ কাজ করার জন্য বিশেষ প্রশংসা করেছেন। বঙ্গোপসাগরে আমাদের যে নৌবহর কাজ করেছে সেই নৌবহর সুমাত্রা দ্বীপে সাবাং নামক জায়গায় বিমানের সাহায্যে ভারী আক্রমণ চালিয়ে এসেছে। আক্রমণের ফলে বড় বড় বিস্ফোরণ ঘটে এবং অগ্নিকাণ্ডের সৃষ্টি হয়।

২৫-১২-৪২—লীবিয়াতে মিত্রসৈন্যেরা এগিয়ে চলেছে। ডন নদীর রণাঙ্গনে রাশিয়ানরা আরও এগিয়ে গেছে। গত ৮ দিনে রুশরা ৭৫—১০০ মাইল এগিয়েছে। তারা ১৬,৪০০ জন জার্ম্মানকে বন্দী করেছে। আর-এ এফ বিমান, রেঙ্গুনের উপর ভারী আক্রমণ চালিয়ে এসেছে। বৃহস্পতিবার রাত্রে জাপানী বিমান কলকাতার উপর আবার হানা দিয়েছিল। আক্রমণের অনেক আগেই সাইরেন বাজে, তাতে জনসাধারণ ঢাকা জায়গার আশ্রয়ে যাবার সময় পায়। সুতরাং, হতাহতের সংখ্যা খুব অল্পই হয়েছে। ক্ষতির পরিমাণ অতি সামান্য। এ-আর-পী কর্ম্মীরা প্রশংসার সঙ্গে কাজ করেছেন।

২৬-১২-৪২—কলকাতার উপরে জাপানী বিমান হানার আরও খবর পাওয়া গেছে। তারা যখন আক্রমণ চালাতে আসে সে সময় আমাদের ফাইটার বিমান তাদের বাধা দেবার জন্য ছুটে যায়। আকাশে কয়েকটা যুদ্ধ হয়। ভূমি রক্ষীদের তরফ থেকে বিমান মারা কামানও ছাড়া হয়। নিশ্চিত জানতে পারা গেছে একখানা জাপানী বিমান পুড়তে পুড়তে নীচে পড়েছে, অন্য গুলাও খুব জখম হয়েছে। যেখানে বোমা পড়েছিল সেখানকার ব্যাফল্ ওয়াল বা রক্ষী-প্রাচীরগুলো বোমার টুকরোয় ফুটো হয়েছে, কিন্তু কোনো টুকরোই এই প্রাচীর ভেদ করে যেতে পারেনি, এতে প্রমাণ পাওয়া যাচ্ছে এই রক্ষী-প্রাচীরগুলো সত্যই খুব নির্ভরযোগ্য। (ক্রমশঃ)

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নীলামের দিন ৮ই ফেব্রুয়ারী ১৯৪৩

১৯৪২ সালের ডিক্রীজারী

৭৭২ থাং ডিঃ কুমার রামকিঙ্কর সিংহ দিং দেং গোবিন্দ ঘোষ দিং দাবি ৩৫৷৴৩ থানা স্থতী মৌজে শিধরী ২-৫৯ শতকের কাত ৯।৵২ অ: ১৫৲ রায়ত স্থিতিবান

৬৮৭ থাং ডিঃ মোঃ বজলল করিম ফজলে মাওলা দেং লোহারাম মণ্ডল দাবি ৫১৵০ থানা স্থতী মৌজে গোপালনগর ৩-৪২ শতকের কাত ৮৷৴০ আঃ ৫৲ থং ৩৭১ রায়ত স্থিতবান

৬৮৮ থাং ডিঃ ঐ দেং বোড়ন মণ্ডল দাবি ৩৬৴০ মৌজাদি ঐ ১৪ ৬২ শতকের কাত ৪৪॥১ নিজাংশে জমা ৪॥৵৩ আঃ ২৫৲ থং ৯৩ ঐ স্বত্ব

৯৬২ থাং ডিঃ ত্রৈলোক্যনাথ চৌধুরী দিং দেং মশিবুল্লা সেখ দিং দাবি ১৮॥/৬ থানা স্থতী মৌজে কিশোরপুর ১-৬৭ শতকের কাত ৩।০ আঃ ১০৲ থং ৩৫৪

৯৭৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২॥/০ মৌজাদি ঐ ১-৮৭ শতকের কাত ৪.৵১০ আঃ ১০৲ থং ৩৫৫

---

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নীলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯৪৩

১৯৪২ সালের ডিক্রীজারী

৫৮৮ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং গণপতি সরকার দাবি ২৯৷৴৬ থানা সাগরদীঘি মৌজে বালিয়া ১-৮৫ শতকের কাত নিজাংশে ৩৷৴৪ আঃ ২০৲ থং ৯১৩ রায়ত স্থিতিবান

৫৮৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭/০ মৌজাদি ঐ ১৩ শতকের কাত নিজাংশে ।৶৷ আঃ ২৲ থং ৯১৪ ঐ স্বত্ব

৬৯১ থাং ডিঃ সেবাইত রাজা ভূপেন্দ্র নারায়ণ সিংহ বাহাদুর দেং নবদ্বীপচন্দ্র দাস দাবি ১০৴০ থানা সমসেরগঞ্জ মৌজে দোগাছী ৬৩ শতকের সেস।৶ আঃ ৫৲ থং ৫ অধিনস্থ থং ৫।১ ও ৬ নিষ্কর

৬৯৩ থাং ডিঃ ঐ দেং গোলাম মহাম্মদ বিশ্বাস দাবি ১৭৷৯ থানা ঐ মৌজে মহেশাইল ৫-৩৩ শতকের সেস ৷৯ আঃ ১০৲ থং ১১৮ অধিনস্থ থং ১১৯

৬৯৪ থাং ডিঃ ঐ দেং জায়গীর বিশ্বাস দাবি ১৭২॥৴০ থানা ঐ মৌজে অম্বিতনগর ৫-১৪ শতকের কাত ৩১৲ আঃ ১৪০৲ থং ২১৩ রায়ত স্থিতিবান

৫১৬ থাং ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেং বৈদ্যনাথ পাল দিং দাবি ৬৩৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ও কুতুবপুর ৮ ৫০ শতকের কাত ২৩৷৴১ আঃ ৪০৲ থং ২১৮, ১৫৩

৫১৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৮৷/৯ থানা ঐ মৌজে নশীপুর ১০-৯১ শতকের কাত ২৫।৵৩ আঃ ৩০৲ থং ২১৫


৫১৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৷০ মৌজাদি ঐ ১-৬৯ শতকের কাত ৪৷৴১০ আঃ ১০৲ থং ২২০

৫১৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৪॥/০ মৌজাদি ঐ ৭-৭৩ শতকের কাত ১৯৷০ আঃ ৩০৲ থং ২২২

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।




# স্বরবল্লী




যে সব ডাক্তার রা
স্বরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

# মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী :—**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

মোহিনী বিড়ির

শাখাসমূহ :—১৬০ নং নবাবপুর রোড, ঢাকা,
সরায়গঞ্জ, মজঃফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস,
গোণ্ডিয়া ( সি. পি ) বি-এন-আর।
আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

# সাধনা ঔষধালয়, ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

**অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী**
এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

**মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲**
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

**বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা**
সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

**শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা**
ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

**অবলাবান্ধব যোগ**
প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

## সুসংবাদ ! সুসংবাদ !

জটিল দুরারোগ্য ও পুরাতন পীড়ার চিকিৎসার জন্য সুপ্রসিদ্ধ অভিজ্ঞ চিকিৎসক ডাঃ শ্রীসুরেন্দ্রনাথ দাস, এম-বি, হোমিও মহাশয়ের সহিত পরামর্শ করুন। তিনি এযাবৎ বহু সংখ্যক জটিল ও পুরাতন রোগীর সাফল্যের সহিত চিকিৎসা করিয়া আসিতেছেন। ডাকযোগেও চিকিৎসা করা হয়। কলিকাতার দরে যাবতীয় সরঞ্জামসহ হোমিওপ্যাথিক ঔষধ বিক্রয় হয়।

বিনামূল্যে পশু-চিকিৎসা করা হয়।

ডাঃ স্বর্গীয় সীতানাথ দাসের পুত্র
গবর্ণমেণ্ট হইতে রেজেষ্টারীকৃত ও লাইসেন্সপ্রাপ্ত
ডাঃ শ্রীসুরেন্দ্রনাথ দাস, এম-বি, হোমিও
"সর্ব্বমঙ্গলা ঔষধালয়" পোঃ রাজগাঁ, বীরভূম।